

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৩০৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৯৮]

১১/ (আল্লাহর পথে) জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৩৪: জিহাদ ওয়াজিব এবং তাতে সকাল-সন্ধ্যার মাহাত্ম্য

(234) بَابُ فَصْل الْجِهَادِ

আরবী

وَعَنهُ، قَالَ: قِيلَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، مَا يَعْدِلُ الجِهَادَ فِي سَبِيلِ اللهِ ؟ قَالَ: «لاَ تَسْتَطِيعُونَهُ». فَأَعَادُوا عَلَيْهِ مَرَّتَيْنِ أَوْ تَلاَتاً كُلُّ ذَلِكَ يَقُولُ: «لاَ تَسْتَطِيعُونَهُ»! قَالَ: «مَثَلُ المُجَاهِدِ فِي سَبِيلِ اللهِ كَمَثلِ الصَّائِمِ القَائِمِ القَانِتِ بِآيَاتِ اللهِ لاَ يَفْتُرُ مِنْ صِيَامٍ، وَلاَ صَلاَةٍ، حَتَّى يَرْجِعَ المُجَاهِدُ فِي سَبِيلِ اللهِ». متفقُ عَلَيْهِ، وهذا لفظ مسلمٍ . وفي رواية البخاري: أَنَّ رَجُلاً قَالَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، دُلَّنِي عَلَى عَمَلٍ يَعْدِلُ الجِهَادَ ؟ قَالَ: لاَ أَجِدُهُ» ثُمَّ قَالَ: «هَلْ تَسْتَطِيعُ إِذَا خَرَجَ المُجَاهِدُ أَنْ تَدْخُلَ مَسْجِدَكَ فَتَقُوْمَ وَلاَ تَفْتُرَ، وَتَصنُومَ وَلاَ تُفْطِرَ» ؟ فَقَالَ: وَمَنْ يَسْتَطِيعُ ذَلِكَ ؟!

বাংলা

১৪/১৩০৬। আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করা হল, 'হে আল্লাহর রাসূল! আল্লাহর পথে জিহাদ করার সমতুল্য আমল কি? তিনি বললেন, "তোমরা তা পারবে না।" তারা তাঁকে দু'-তিনবার ঐ একই কথা জিজ্ঞাসা করতে থাকল, আর তিনি প্রত্যেকবারে বললেন, "তোমরা তার ক্ষমতা রাখ না।" তারপর বললেন, "আল্লাহর পথে জিহাদ-কারীর দৃষ্টান্ত ঠিক সেই রোজাদার ও আল্লাহর আয়াত পাঠ করে নামায আদায়কারীর মত, যে রোযা রাখতে ও নামায পড়তে আদৌ ক্লান্তি-বোধ করে না। (এরূপ ততক্ষণ পর্যন্ত গণ্য হয়) যতক্ষণ না মুজাহিদ জিহাদ থেকে ফিরে আসে।" (বুখারী-মুসলিম, শব্দগুলি মুসলিমের) [1]

বুখারীর এক বর্ণনায় আছে, একটি লোক বলল, 'হে আল্লাহর রাসূল! আমাকে এমন একটি আমল বাতলে দিন, যা জিহাদের সমতুল্য হবে।' তিনি বললেন, "আমি এ ধরনের আমল তো পাচ্ছি না।" তারপর তিনি বললেন, "তুমি কি এরূপ করতে পারবে যে, মুজাহিদ যখন বের হয়ে যাবে, তখন থেকে তুমি মসজিদে ঢুকে অ-ক্লান্তভাবে নামাযে নিমগ্ন হবে এবং অবিরাম রোযা রাখবে।" সে বলল, 'ও কাজ কে করতে পারবে?'



English

(234) Chapter: Obligation of Jihad

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (*) was asked: "What other good deed could be an equivalent of Jihad in the way of Allah?" He (*) replied, "You do not have the strength to do it." (The narrator said:) The question was repeated twice or thrice, but every time he (*) answered, "You do not have the strength to do it." Then he (*) said, "One who goes out for Jihad in the Cause of Allah is like a person who observes Saum (fasting), stands in Salat (prayer) constantly, recites the Ayat of the Qur'an and does not exhibit any lassitude in fasting and prayer until the participant of Jihad in the way of Allah returns."

[Al-Bukhari and Muslim].

Commentary: "Alqanit" signifies one who makes recitation of the Ayat of the Noble Qur'an with the fear of Allah and humility, or is submissive and obedient to the Commands of Allah. The example cited here means that so long a Mujahid is engaged in Jihad, he is like a person who keeps himself occupied in Salat at night and observes Saum in the day time. The action of such a person can be equal in reward to the conduct of a Mujahid. Thus, in special situations Jihad is the most meritorious act. A worshipper cannot attain that reward for his worship which a Mujahid achieves in Jihad.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৭৮৫, মুসলিম ১৮৭৮, তিরমিয়ী ১৬১৯, নাসায়ী ৩১২৮, আহমাদ ৮৩৩৫, ৯১৯২, ৯৬০৪, ৯৬৭৪, ২৭২০৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন